গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
www.warpo.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-৪২.০২.০০০০.০০৩.১৮.০১০.১৯ (৩য় খন্ড)-৯৩৬ তারিখ: ০৩/০৪/২০২২ খ্রিঃ

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার নিম্নবর্ণিত রাজস্ব খাতে নবসৃষ্ট পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে অনলাইনে (http://warpo.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও জাতীয় বেতনক্রম | বয়স সীমা | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | নির্বাহী প্রকৌশলী<br>৩৫৫০০—৬৭০১০/- টাকা<br>(বেতন গ্রেড-৬) | সর্বোচ্চ ৩৫ বৎসর | ০৭ টি | পুরকৌশল বা পানি সম্পদ কৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী এবং পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন কাজে পানি সম্পদ প্রকৌশল ক্ষেত্রে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ প্রকল্প বাস্তবায়ন ও পরিকল্পনা প্রণয়ন কাজে সর্বমোট ৮ বৎসরের অভিজ্ঞতা। বর্ণিত বিষয় সমূহে স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ২। | সহকারী প্রকৌশলী<br>২২০০০—৫৩০৬০/- টাকা<br>(বেতন গ্রেড-৯) | ১৮ হতে ৩০ বৎসর | ১৪ টি | পুরকৌশল বা পানি সম্পদ কৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। বর্ণিত বিষয়সমুহে স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাইবেন। |

## আবেদনের শর্তাবলীঃ

০১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী http://warpo.teletalk.com.bd এবং http://www.warpo.gov.bd ওয়েবসাইট অনুসরণপূর্বক সম্পন্ন করতে হবে।

০২। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের পার্শ্বে উল্লেখিত বয়সসীমা ২৪/০৪/২০২২ তারিখের মধ্যে হতে হবে।

০৩। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি বা সমমানের জিপিএ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবেন না।

০৪। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা প্রার্থীদের (সহকারী প্রকৌশলী) ক্ষেত্রে বয়স ৩২।

০৫। আগামী ০৬/০৪/২০২২ সকাল ১০:০০ ঘটিকা হতে ২৪/০৪/২০২২ রাত ১২:০০ ঘটিকার মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

০৬। লিখিত/মৌখিক পরীক্ষার সময় আবেদনে দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র/প্রত্যয়নপত্র, অভিজ্ঞতার সনদ, জন্ম নিবন্ধনসনদ, নাগরিকত্বসনদ এবং জাতীয় পরিচয় পত্র এবং বিভিন্ন কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র এর মূল কপিসহ এক সেট সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সঙ্গে আনতে হবে।

০৭। লিখিত/মৌখিক পরীক্ষার সময় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র সঙ্গে আনতে হবে।

০৮। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য করা হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য, নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে আবেদনপত্র নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল করা হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(এবিএম গোলাম ফারুক)
সচিব (অদা)
ওয়ারপো
পানি সম্পদ মন্ত্রণালয়
ফোন: ৪৪৮১৯০০৫

## অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://warpo.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬/০৪/২০২২ সকাল ১০:০০ ঘটিকা
ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪/০৪/২০২২ রাত ১২:০০ ঘটিকা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:
Online-এ আবেদনপত্র (Aplication Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Aplication Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Aplicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Application's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য, ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে PDF copy ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk prepaid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার অফেরৎযোগ্য ফি বাবদ নিম্নবর্ণিত হারে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন :

| পদের নাম | পরীক্ষার ফি | Teletalk এর সার্ভিস চার্জ | মোট |
|---|---|---|---|
| নির্বাহী প্রকৌশলী | ৬০০/- টাকা | ৭২/- টাকা | ৬৭২/- টাকা |
| সহকারী প্রকোশলী | ৫০০/- টাকা | ৬০/- টাকা | ৫৬০/- টাকা |

বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:** WARPO<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: WARPO ABCDEF

Reply: Applicant's Name, Tk----will be charged as application fee. Your PIN is----. To pay fee Type WARPO<space>Yes<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** WARPO<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: WARPO YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for WARPO application for post Name User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://warpo.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরন করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: WARPO<space>Help<space>User<space>User ID & Send to 16222 নম্বরে।
Example: WARPO Help User ABCDEF & send to 16222

ii. Pin Number জানা থাকলে: WARPO<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222 নম্বরে।
Example: WARPO Help PIN 12345678 & send to 16222.

ঝ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যমে থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও http://warpo.gov.bd ওয়েবসাইটে এবং http://warpo.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমুহের চুড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ট. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করুন অথবা vas.quary@teletalk.com.bd অথবা sco_cis@warpo.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: WARPO, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে।)

০৬/০৪/22